গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১২৪.২৪.৭৩৩

তারিখ: ৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **রিট পিটিশন নং ৭৬২৯/২০২৪ মোকদ্দমার রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৭৬২৯/২০২৪-এর ১০/০৬/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন ১৪নং নিয়ামতি ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে মোঃ হুমায়ুন কবির-কে বিজয়ী ঘোষণা করা হয়। উক্ত ফলাফলের গেজেট বাতিল করে অপর প্রার্থী মোঃ কামাল হোসেন তালুকদার-কে উক্ত পদে নির্বাচিত ঘোষণার প্রার্থনার্থে নির্বাচনী মোকদ্দমা নং ০৮/২০২২ দায়ের করা হয়। উক্ত নির্বাচনী মোকদ্দমার রায় চ্যালেঞ্জ করে মোঃ হুমায়ুন কবির নির্বাচনী আপীল মোকদ্দমা নং ০২/২০২৩ দায়ের করেন। উক্ত আপীল আবেদন নামঞ্জুর এবং নির্বাচনী মোকদ্দমার আদেশ বহাল রাখার বিষয়ে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার মোঃ হুমায়ুন কবির রিট পিটিশন নং ৭৬২৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়-কে ১নং প্রতিপক্ষসহ মোট ০৮(আট) জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৬২৯/২০২৪ মোকদ্দমার রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...............পাতা।



১৮-০৮-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১২৪.২৪.৭৩৩/১(৪)

তারিখ: ৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
২। সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
৪। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

১৮-০৮-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব